দৈনিক সংবাদ

Jan

তারিখ ... 1.9. 1990
পৃষ্ঠা ... ৪ ... কলাম ৭ ...

13

## ঢাকা বিশ্ববিদ্যালয় এবং আমরা

বিশ্ববিদ্যালয় প্রশাসন কোর্স পদ্ধতির তিন বছরের সম্মান কোর্সের ক্ষেত্রে ১ম বর্ষ সম্মান কোর্স পরীক্ষায় পাস নম্বর গড়ে ২৫% এবং দ্বিতীয় বর্ষ সম্মান কোর্স পরীক্ষায় ৩৬% পাস নম্বর অর্থাৎ ১ম বর্ষ ও ২য় বর্ষ গড়ে, (২৫%+৩৬% = ৬১% ÷ ২) = ৩০'৫% অর্থাৎ ৩০'৫% নম্বর যারা পায় তাদেরকে তৃতীয় বর্ষে উত্তীর্ণ বলে ধরে বটে কিন্তু যারা ১ম বর্ষ গড়ে ২৫% এবং ১ম বর্ষ ও ২য় বর্ষ মিলে গড়ে ৩৬% নম্বর পায় তাদেরকে উত্তীর্ণ বলে ধরে না। অর্থাৎ গড়ে যারা ৩৬% নম্বর পাচ্ছে তারা বিবেচিত হচ্ছে না অথচ যারা গড়ে ৩০'৫% নম্বর পাচ্ছে তারা বিবেচিত হচ্ছে। এক্ষেত্রে স্বাভাবিক কারণেই বলা যায় যারা গড়ে ৩০'৫% নম্বর পাচ্ছে তাদের তুলনায় যারা গড়ে ৩৬% নম্বর পাচ্ছে তাদের অনার্স ফাইনাল পরীক্ষায় ফলাফল ভাল করার সম্ভাবনা বেশী। অথচ তারা (৩৬%) অনুত্তীর্ণ হয়ে একটি বছর হারিয়ে হতাশার মাঝে দিনাতিপাত করছে। এটাতো স্বাভাবিক নয়। হয়ত এই একটি বছর হারিয়ে কারো কারো শিক্ষাজীবন শেষে চাকরির বয়সসীমা ২৭ পেরিয়ে যাবে। হয়ত যে মা-বাবা ছেলেকে পড়াচ্ছিল জমি বিক্রি করে, শীত কাটাচ্ছিল পুরাতন কাপড়ের কাঁথা গায়ে দিয়ে—লেপ না হয় ছেলে চাকরি পেয়ে গেলেই হবে, তাদের আশার মাঝে নিরাশার বীজ বহন করে কর্তৃপক্ষ কি শান্তি পাবেন?

তাই মাননীয় কর্তৃপক্ষ সমীপে আমার আবেদন, ১ম বর্ষ থেকে ২য় বর্ষে উত্তীর্ণের ক্ষেত্রে গড়ে ২৫% এবং দ্বিতীয় বর্ষ থেকে ৩য় বর্ষে উত্তীর্ণের ক্ষেত্রে ১ম ও ২য় বর্ষ গড়ে ৩৬% নম্বর বিবেচনা করুন। কারণ অনার্স ফাইনাল পরীক্ষায় ১ম বর্ষ, ২য় বর্ষ ও ৩য় বর্ষ গড়ে ৩৬% নম্বর তো বিবেচনা করছেনই। ....এবং আমরা? আমরা তখন শিক্ষাজীবনশেষে ২৭ বছর পেরুলেও আর বিশ্ববিদ্যালয় প্রশাসনকে দায়ী করতে পারব না।

রেজাউল করিম,
গণিত বিভাগ (৩য় বর্ষ),
ঢাকা বিশ্ববিদ্যালয়।